



সংখ্যা : ১৫.৫৫.০০০০.০০২.২৫.১৮৬.২২.৯২৬৯

তারিখ : ৩০ অক্টোবর ২০২২ খ্রি.


প্রেস রিলিজ

১২ সপ্তাহব্যাপী বিসিএস (তথ্য) ৩৯ তম পেশাগত প্রবেশক পাঠ্যধারাটি অদ্য ৩০ অক্টোবর ২০২২ খ্রি. তারিখে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটে শুরু হয়েছে। সম্পূর্ণ আবাসিক এই প্রশিক্ষণ পাঠ্যধারায় তথ্য ক্যাডারের মোট ১৭ জন নবীন কর্মকর্তা অংশগ্রহণ করছেন।

কোর্সের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মো: ফারুক আহমেদ (সচিবের রুটিন দায়িত্বে), অনুষ্ঠানের সভাপতিত্ব করেন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক ও অতিরিক্ত সচিব শাহিন ইসলাম, এনডিসি। আরও উপস্থিত ছিলেন ইনস্টিটিউটের পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল) জনাব মো. নজরুল ইসলাম, পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) জনাব এ, কে, এম, আজিজুল হক এবং পরিচালক (প্রশিক্ষণ অনুষ্ঠান) জনাব মো. মারুফ নাওয়াজ।

অনুষ্ঠানে প্রধান অতিথি, আশা প্রকাশ করেন যে নবীন কর্মকর্তাদের যথাযথ প্রশিক্ষণ গ্রহণ করে নিজেদেরকে দক্ষ এবং যোগ্য হিসেবে গড়ে তুলে দেশ মাতৃকার কল্যাণে নিজেদেরকে নিয়োজিত করবেন। অনুষ্ঠানের সভাপতি জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক, (অতিরিক্ত সচিব) শাহিন ইসলাম এনডিসি বলেন, ১৯৮০ সালে যে ম্যান্ডেট নিয়ে এই প্রতিষ্ঠান যাত্রা শুরু করেছিল তার অন্যতম হলো তথ্য ক্যাডার কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে তাদের পেশাগত দক্ষতা বৃদ্ধি করা। তাই এটি জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের একটি অন্যতম প্রধান কোর্স। এ কোর্সটিকে সফল করার জন্য তিনি সকলের সহযোগীতা কামনা করেন।

আগামী ১২ সপ্তাহব্যাপী এই কোর্সে বাংলাদেশ বেতার ও পিআইডির কর্মকর্তাগণ অংশগ্রহণ করছেন। পরে কোর্সে অংশগ্রহণকারী কর্মকর্তাগণ প্রধান অতিথি এবং সভাপতির সাথে ফটো সেশনে অংশগ্রহণ করেন।


৩০.১০.২২

আবদুল হান্নান

গণসংযোগ কর্মকর্তা

ফোন : ৫৫০৭৯৪৩৮-৪২

বিতরণ:

- ০১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা
- ০২। মুখ্য বার্তা সম্পাদক/ চীফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন/ বাংলাদেশ বেতার/ বাংলাদেশ সংবাদ সংস্থা/ এটিএন বাংলা/ চ্যানেল আই/ একুশে টিভি/এনটিভি/সময় টিভি/দৈনিক ইত্তেফাক/ দৈনিক জনকণ্ঠ/ দৈনিক প্রথম আলো/ দৈনিক যুগান্তর/বাংলাদেশ প্রতিদিন/দৈনিক ভোরের পাতা/দৈনিক সকালের খবর/ কমিউনিটি বেতারসমূহ।
- ০৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। কার্যালয় নথি।